গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.dss.gov.bd

'শেখ হাসিনার দিনবদলে,
সমাজসেবা এগিয়ে চলে'

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০১.১৯.৪৮

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৫
১৮ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: **জনাব মোঃ সোহেল রানা, কারিগরী প্রশিক্ষক(সাময়িক বরখাস্ত), উপজেলা সমাজসেবা কার্যালয়, সদর, নীলফামারী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা দায়ের (মামলা নং ০৫ তারিখ: ১৮/০২/২০১৯)।**

অভিযোগনামা

যেহেতু, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী এর নিকট হতে স্মারক নং ৪১.০১.৭৩০০.০০০.১৮.০১৬.১৭.৬৫৪ তারিখ ২৫/১১/২০১৮ যোগে প্রাপ্ত পত্রে জানা যায়, আপনি জনাব মোঃ সোহেল রানা, কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, সদর, নীলফামারী বিগত ০১/১১/২০১৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। এ বিষয়ে আপনাকে সংশ্লিষ্ট কার্যালয় হতে কৈফিয়ত তলব করা হলেও কোন জবাব পাওয়া যায়নি। পরবর্তীতে ০৮/১১/২০১৮ তারিখ জনৈক মোছাঃ শ্যামলী আক্তার, পিতা মোঃ ওমেদ আলী, গ্রাম-বড়ুয়া শেখ পাড়া, ডাকঘর-যাদুরহাট, উপজেলা-নীলফামারী সদর, নীলফামারী কর্তৃক প্রেরিত পত্রমূলে জানা যায় আপনি নারী ও শিশু নির্যাতন মামলার(মামলা নং ক্রিমিনাল মিস-৮৮২/২০১৮ মোকাম-দায়রা জজ আদালত, নীলফামারী) আসামী এবং বিগত ৩১/১০/২০১৮ তারিখ আদালতে উপস্থিত হলে বিজ্ঞ দায়রা জজ আদালত, নীলফামারী আপনাকে জেল হাজতে প্রেরণ করেন;

যেহেতু, উপরোল্লিখিত অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী আপনাকে অধিদফতরের স্মারক নম্বর ১৫ তারিখ ৩০/০১/২০১৯ যোগে সাময়িক বরখাস্ত করা হয়েছে;

যেহেতু, আপনার উপরোল্লিখিত কর্মকান্ড সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর আওতাভূক্ত এবং একই বিধিমালার আওতায় শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মোঃ সোহেল রানা কে সরকারি কর্মচারী(শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার সংশ্লিষ্ট বিধি মোতাবেক কেন আপনাকে উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে এ বিষয়ে শুনানিতে আগ্রহী কিনা এবং আত্মপক্ষ সমর্থনে কোন সাক্ষ্য-প্রমাণাদি উপস্থাপন করতে চান কিনা তাও আপনার জবাবে উল্লেখ করবেন। অত্র অভিযোগনামার সাথে অভিযোগ বিবরণীও সংযুক্ত করা হলো।

সংযুক্ত : অভিযোগ বিবরণী-০১ পাতা।

২০-২-২০১৯
মোঃ জুলফিকার হায়দার
পরিচালক

জনাব মোঃ সোহেল রানা, কারিগরী প্রশিক্ষক(সাময়িক বরখাস্ত),
উপজেলা সমাজসেবা কার্যালয়, সদর, নীলফামারী। স্থায়ী ঠিকানা: জনাব মোঃ সোহেল রানা, গ্রাম-সতারপাড়া, পো: যাদুরহাট, উপজেলা-নীলফামারী সদর, জেলা-নীলফামারী।

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০১৪.২৭.০০১.১৯.৪৮/১

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৫
১৮ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

২) পরিচালক, কার্যক্রম অধিশাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৩) পরিচালক, প্রতিষ্ঠান অধিশাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৪) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিভাগীয় পরিচালকের কার্যালয়, সমাজসেবা অধিদফতর, রংপুর।

৫) উপপরিচালক, গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (সমাজসেবা অধিদফতরের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৬) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী।

৭) সহকারী পরিচালক, অর্থ শাখা, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৮) সহকারী পরিচালক, প্রশাসন-২ শাখা (নন-গেজেটেড), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

৯) জেলা হিসাবরক্ষণ অফিসার, নীলফামারী।

১০) উপজেলা সমাজসেবা অফিসার (অতিরিক্ত দায়িত্ব), উপজেলা সমাজ সেবা কার্যালয়, নীলফামারী সদর, নীলফামারী

২০-২-২০১৯
মোঃ সাফায়েত হোসেন তালুকদার
উপপরিচালক